পশ্চিমবঙ্গ সরকার

# পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর

যুগ্ম প্রশাসনিক ভবন, ব্লক - এইচ সি ৭, সেক্টর - ৩, বিধান নগর, কোলকাতা - ৭০০১০৬

পত্রাঙ্ক: ১৭ (২১)/এস. পি .এইচ. সি./ ১এস-২/ ১৪ তারিখ: ২৪/০১/২০১৯

## নির্দেশনামা

**বিষয়: গ্রাম সংসদ স্তরে গ্রামীণ স্বাস্থ্য, স্বাস্থ্যবিধান এবং পুষ্টি কমিটির পুনর্গঠন এবং তার কার্যনীতি**

পঞ্চায়েত সাধারন নির্বাচন ২০১৩ -এর পর, গ্রাম সংসদ স্তরে জনস্বাস্থ্যের কাজের তত্ত্বাবধান করার জন্য, এই দপ্তরের আদেশনামা, পত্রাঙ্ক: ৩০৮ (১৮)/এস. পি. এইচ. সি./ ১এস - ২/ ১৪ তাং- ১৭/০৯/২০১৪, অনুযায়ী গ্রামীণ স্বাস্থ্য, স্বাস্থ্যবিধান এবং পুষ্টি কমিটি (Village Health Sanitation and Nutrition Committee - VHSNC) গঠন করার নির্দেশ দেওয়া হয়েছিল। ইতিমধ্যে, রাজ্যের অধিকাংশ গ্রাম সংসদে এই কমিটির গঠন এবং তার ব্যাঙ্ক একাউন্ট খোলার কাজ সম্পন্ন হয়েছে। গ্রাম পঞ্চায়েতের নেতৃত্বে জনসাধারণের মধ্যে সচেতনতা বৃদ্ধি এবং ঐ এলাকার মানুষের স্বাস্থ্য, পুষ্টি ও স্বাস্থ্যবিধানের উন্নতির জন্য পরিকল্পনা রূপায়ণ ও নজরদারির কাজ করা গ্রামীণ স্বাস্থ্য, স্বাস্থ্যবিধান এবং পুষ্টি কমিটির প্রধান লক্ষ্য। এই লক্ষ্য পূরনের উদ্দেশ্যে, এই কমিটি সারা রাজ্যেই লক্ষণীয় ভুমিকা পালনে সক্ষম হয়েছে।

প্রসঙ্গতঃ পঞ্চায়েত সাধারন নির্বাচন, ২০১৮ -এর পর গ্রামীণ স্বাস্থ্য, স্বাস্থ্যবিধান এবং পুষ্টি কমিটি (Village Health Sanitation and Nutrition Committee - VHSNC) -এর পুনর্গঠন করা প্রয়োজন।

**এই বিষয়ে, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ণ দপ্তরের পূর্বে প্রকাশিত আদেশনামা দু'টি, পত্রাঙ্ক: ২৫০ (২১)/এস. পি .এইচ. সি./ ১এস-২/ ১৪ তারিখ: ৩০/১১/২০১৮ এবং পত্রাঙ্ক: ২৭৭ (২১)/এস. পি .এইচ. সি./ ১এস-২/ ১৪ তারিখ: ১৭/১২/২০১৮, আংশিক সংশোধন তথা সংযোজনের উদ্দেশ্যে বাতিল করা হল।**

পরিবর্তে, গ্রামীণ স্বাস্থ্য, স্বাস্থ্যবিধান এবং পুষ্টি কমিটি (Village Health Sanitation and Nutrition Committee - VHSNC) -এর পুনর্গঠনের জন্য নিম্নলিখিত নীতি পালন করতে নির্দেশ দেওয়া হল -

**ক) গ্রামীণ স্বাস্থ্য, স্বাস্থ্যবিধান এবং পুষ্টি কমিটি -র গঠন** -

**১) ঐ গ্রাম সংসদ থেকে নির্বাচিত প্রতিনিধি - চেয়ারম্যান**

পঞ্চায়েত সাধারন নির্বাচন, ২০১৮ -এর পর নব-নির্বাচিত প্রতিনিধিকে এই কমিটিতে অন্তর্ভুক্ত করতে হবে। একাধিক নির্বাচিত প্রতিনিধি থাকলে, সকলেই সাধারণ সদস্য হবেন। মহিলা প্রতিনিধি থাকলে, তিনি

চেয়ারম্যান হিসাবে অগ্রাধিকার পাবেন কিন্তু কোনো মহিলা প্রতিনিধি না থাকলে বয়োঃজ্যেষ্ঠ প্রতিনিধি, গ্রামীণ স্বাস্থ্য, স্বাস্থ্যবিধান এবং পুষ্টি কমিটির চেয়ারম্যান হিসাবে, কার্যভার গ্রহণ করবেন।

কোন কারণে নির্বাচিত প্রতিনিধি না থাকলে বা তার অবর্তমানে, সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতের প্রধান ঐ গ্রামীণ স্বাস্থ্য, স্বাস্থ্যবিধান এবং পুষ্টি কমিটির চেয়ারম্যান -এর কার্যভার পালন করবেন।

২) **সর্বশেষ গ্রাম পঞ্চায়েত নির্বাচনে দ্বিতীয় সর্বোচ্চ ভোটপ্রাপ্ত ব্যক্তি - সাধারণ সদস্য**

একাধিক নির্বাচিত প্রতিনিধি থাকলে প্রতিটি আসনে দ্বিতীয় সর্বোচ্চ ভোটপ্রাপ্ত ব্যক্তিকে এই কমিটিতে অন্তর্ভুক্ত করতে হবে।

3) **ANM, যার এলাকার মধ্যে ঐ গ্রাম সংসদ আসছে (একাধিক সংসদ এলাকা অন্তর্ভুক্ত হতে পারে) - সচিব**

কোন কারনে ANM পদটি ফাঁকা থাকলে, পার্শ্ববর্তী স্বাস্থ্য উপকেন্দ্রের ANM অথবা Health Supervisor গ্রামীণ স্বাস্থ্য, স্বাস্থ্যবিধান এবং পুষ্টি কমিটির সচিবের কার্যভার পালন করবেন।

৪) **আশা (ASHA) কর্মী - সদস্য তথা অহ্বায়ক**

ঐ এলাকায় নিযুক্ত আশা (ASHA) কর্মী, জনস্বাস্থ্যের কাজে নিযুক্ত স্বনির্ভর দলের সাহায্যে গ্রামীণ স্বাস্থ্য, স্বাস্থ্যবিধান এবং পুষ্টি কমিটির বৈঠকের আহ্বায়ক হিসাবে কাজ করবেন এবং ঐ বৈঠককে সাফল্যমন্ডিত করার জন্য পর্যাপ্ত প্রচার করবেন।

৫) **অঙ্গনওয়াড়ী কর্মী (AWW) - সদস্য**

ঐ সংসদ এলাকায় যতজন অঙ্গনওয়াড়ী কর্মী নিযুক্ত আছেন, তারা সকলেই সংশ্লিষ্ট গ্রামীণ স্বাস্থ্য, স্বাস্থ্যবিধান এবং পুষ্টি কমিটির সদস্য হবেন। আশা (ASHA) কর্মীর অবর্তমানে বয়োঃজ্যেষ্ঠ অঙ্গনওয়াড়ী কর্মী গ্রামীণ স্বাস্থ্য, স্বাস্থ্যবিধান এবং পুষ্টি কমিটির বৈঠকের আহ্বায়ক হিসাবে কাজ করবে।

৬) **"আনন্দধারা" প্রকল্পের সহায়তায় গঠিত গ্রাম পঞ্চায়েত স্তরের স্বনির্ভর দল সমূহের সংঘ/ সংঘ সমবায় সমিতি থেকে মনোনীত দুইজন প্রতিনিধি - সদস্য**

৭) "আনন্দধারা" প্রকল্পের অন্তর্গত উপ-সংঘের নেত্রীদের মধ্যে যেকোনো দুজন - **সদস্য**

৮) সংশ্লিষ্ট গ্রাম সংসদ এলাকায় পতঙ্গ বাহিত রোগের সমীক্ষা এবং নিয়ন্ত্রণের কাজে নিযুক্ত SAVRP অথবা অন্য স্বেচ্ছাসেবী - সদস্য

৯) সংশ্লিষ্ট গ্রাম সংসদ থেকে গ্রাম পঞ্চায়েতের নির্বাচিত সদস্য দুই জন মহিলাকে মনোনীত করবেন (একাধিক সদস্য থাকলে প্রত্যেকে একজন মহিলাকে), যারা ঐ গ্রাম সংসদের ভোটদাতা। দুইজন মহিলার মধ্যে অন্তত একজন তপঃজাতি/ তপঃউপজাতি অথবা সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত হবেন।

১০) গ্রাম সংসদ এলাকায় নিযুক্ত স্বেচ্ছাসেবী সংগঠনের একজন - **সদস্য**

১১) ঐ এলাকায় অবস্থিত বিদ্যালয়ের শিক্ষক - **সদস্য** যিনি Village Child Protection Committee -এর সাথে গ্রামীণ স্বাস্থ্য, স্বাস্থ্যবিধান এবং পুষ্টি কমিটির সমন্বয় এর কাজ করবেন।

জাতীয় স্বাস্থ্য মিশনের নির্দেশিকা অনুসারে গঠিত গ্রামীণ স্বাস্থ্য, স্বাস্থ্যবিধান এবং পুষ্টি কমিটিতে (Village Health Sanitation and Nutrition Committee - VHSNC) কমপক্ষে ৫০% মহিলা সদস্য থাকা আবশ্যক।

এই কমিটি গ্রাম পঞ্চায়েত স্তরে গঠিত জল ও স্বাস্থ্যবিধান কমিটি (Village Water & Sanitation Committee) -এর নিচের স্তর হিসাবে দায়িত্ব পালন করবে। এছাড়া এই কমিটি সংশ্লিষ্ট গ্রাম সংসদ এলাকার নির্মল অবস্থান বজায় রাখার উদ্দেশ্যে "মিশন নির্মল বাংলা" কর্মসূচীর অন্তর্গত "পাড়া নজরদারী কমিটি" হিসাবেও কাজ করবে। VHSNC -এর সদস্যা/ সদস্যগন, "মিশন নির্মল বাংলা" কর্মসূচীর অন্তর্গত "পাড়া নজরদারী কমিটি" হিসাবে যে কাজগুলি করবেন, সেগুলি সংযোজন করা হল।

**এছাড়াও, সারা রাজ্য জুড়ে মশাবাহিত রোগ (যেমন ম্যালেরিয়া, ডেঙ্গু, চিকনগুনিয়া) প্রতিরোধের কর্মসূচি গ্রহণ করা হয়েছে। গ্রাম সংসদ এলাকায়, এই কাজের সঠিক তদারকির জন্য গ্রামীণ স্বাস্থ্য, স্বাস্থ্যবিধান এবং পুষ্টি কমিটি (VHSNC), Citizen's Task Force হিসাবে দায়িত্ব পালন করবে।**

প্রতিটি গ্রামীণ স্বাস্থ্য, স্বাস্থ্যবিধান এবং পুষ্টি কমিটি (Village Health Sanitation and Nutrition Committee - VHSNC) গঠনের পর, জনস্বাস্থ্য বিষয়ক কর্মসূচী এবং এই কাজে তাদের ভূমিকা সম্পর্কে যথাযথ প্রশিক্ষণ হওয়া বাধ্যতামূলক।

**খ) <u>গ্রামীণ স্বাস্থ্য, স্বাস্থ্যবিধান এবং পুষ্টি কমিটির নিঃশর্ত তহবিল এবং সদ্ব্যবহার</u> -**

জাতীয় স্বাস্থ্য মিশনের নিঃশর্ত তহবিল থেকে গ্রাম সংসদ স্তরে জনস্বাস্থ্যের কাজের সঠিক পরিকল্পনা, তার রূপায়ণ, নজরদারি ও তদারকির জন্য প্রতিটি গ্রামীণ স্বাস্থ্য, স্বাস্থ্যবিধান এবং পুষ্টি কমিটিকে বার্ষিক ১০,০০০ টাকা পর্যন্ত বরাদ্দ করা হবে। ইতিপূর্বে প্রেরিত এই দপ্তরের আদেশনামা গুলিতে বর্ণিত নির্দেশাবলী পালন করে এই তহবিলের সঠিক সদ্ব্যবহার করতে হবে। এক্ষেত্রে উল্লেখ্য যে, গ্রামীণ স্বাস্থ্য, স্বাস্থ্যবিধান এবং পুষ্টি কমিটি ব্যাঙ্ক একাউন্ট খুললে এবং পূর্ব প্রেরিত তহবিলের সদ্ব্যবহারের সংশাপত্র জমা করলে পরেই পরবর্তী তহবিল পাওয়ার জন্য যোগ্য হবে। **এছাড়াও, প্রতিটি গ্রাম পঞ্চায়েতকে নির্দেশ দেওয়া হল, যাতে তাঁরা তাঁদের এলাকার অন্তর্গত প্রত্যেক গ্রামীণ স্বাস্থ্য, স্বাস্থ্যবিধান এবং পুষ্টি কমিটি (VHSNC) -কে মাসিক কার্য পরিকল্পনা তথা বার্ষিক স্বাস্থ্য পরিকল্পনা তৈরী করার জন্য উৎসাহ প্রদান করেন এবং গ্রাম পঞ্চায়েত স্তরে এই পরিকল্পনাগুলির অনুমোদন সাপেক্ষে, নিজস্ব তহবিল/ অর্থ কমিশন/ অন্যান্য বরাদ্দ থেকে প্রত্যেক গ্রামীণ স্বাস্থ্য, স্বাস্থ্যবিধান এবং পুষ্টি কমিটি (VHSNC) -কে প্রয়োজনীয় আর্থিক অনুদান দেন। এই অনুদানের অর্থে পরিকল্পনা রূপায়ন**

**সঠিকভাবে হচ্ছে কিনা সেটাও গ্রাম পঞ্চায়েতকে তদারকি করতে হবে। এছাড়াও, গ্রামীণ স্বাস্থ্য, স্বাস্থ্যবিধান এবং পুষ্টি কমিটি (VHSNC) -এর সদস্যরা পরিকল্পনা রূপায়ণের জন্য তহবিল সংগ্রহ করে কমিটির একাউন্টে জমা করতে পারেন।**

**গ) <u>গ্রামীণ স্বাস্থ্য, স্বাস্থ্যবিধান এবং পুষ্টি কমিটির ব্যাঙ্ক একাউন্ট ও তার রক্ষনাবেক্ষণ</u> -**

জাতীয় স্বাস্থ্য মিশনের নির্দেশিকা অনুসারে, প্রতিটি গ্রামীণ স্বাস্থ্য, স্বাস্থ্যবিধান এবং পুষ্টি কমিটির (Village Health Sanitation and Nutrition Committee - VHSNC) একটি **জিরো ব্যালান্স ব্যাঙ্ক একাউন্ট** (রাষ্ট্রায়ত্ত্ব ব্যাঙ্ক অগ্রাধিকার) করা বাধ্যতামূলক। উক্ত ব্যাঙ্ক একাউন্টটি সংশ্লিষ্ট গ্রামীণ স্বাস্থ্য, স্বাস্থ্যবিধান এবং পুষ্টি কমিটির চেয়ারম্যান এবং সচিবের যুগ্ম স্বাক্ষরে নিয়ন্ত্রিত হবে। পঞ্চায়েত সাধারন নির্বাচন, ২০১৮ -এর পর যদি নতুন প্রতিনিধি নির্বাচিত হয়ে থাকেন, তবে গ্রামীণ স্বাস্থ্য, স্বাস্থ্যবিধান এবং পুষ্টি কমিটির নতুন চেয়ারম্যান হিসাবে তার স্বাক্ষর সংশ্লিষ্ট ব্যাঙ্ক একাউন্টের সাথে সংযুক্ত করার জন্য ব্যাঙ্ক কে জানাতে হবে। এছাড়া, কোনো কারনে সচিবের পরিবর্তন হয়ে থাকলে নতুন সচিবের স্বাক্ষরও ব্যাঙ্ক একাউন্টের সাথে সংযুক্ত করার জন্য ব্যাঙ্ক কে জানাতে হবে।

প্রতিটি গ্রামীণ স্বাস্থ্য, স্বাস্থ্যবিধান এবং পুষ্টি কমিটিকে তহবিলের জমা, খরচ হিসাব এবং তৎসহ কাজের রূপায়ণ সংক্রান্ত একটি খাতা করতে হবে। উক্ত হিসাব খাতাটির সঠিক রক্ষনাবেক্ষণ হবে আশা (ASHA) কর্মীর দায়িত্ব (আশা কর্মীর অবর্তমানে অঙ্গনওয়াড়ী কর্মী এই দায়িত্ব পালন করবেন)। হিসাবের খাতা সঠিকভাবে রক্ষনাবেক্ষণ করার জন্য এবং প্রাপ্ত অর্থের সদ্ব্যবহারের সংশাপত্র প্রদানের জন্য নির্দিষ্ট ছক সংযুক্ত করা হল। গ্রামীণ স্বাস্থ্য, স্বাস্থ্যবিধান এবং পুষ্টি কমিটির চেয়ারম্যান এবং সচিবকে হিসাব খাতাটি সময়ে সময়ে পরীক্ষা করতে হবে।

ঘ) **<u>গ্রামীণ স্বাস্থ্য, স্বাস্থ্যবিধান এবং পুষ্টি কমিটির কাজ</u>** -

এলাকার জনস্বাস্থ্যের অবস্থার পর্যালোচনা করার জন্য গ্রামীণ স্বাস্থ্য, স্বাস্থ্যবিধান এবং পুষ্টি কমিটির সদস্যদের নিয়মিত বৈঠক করা বাধ্যতামূলক। কমিটির চেয়ারম্যান এবং সচিবের উপস্থিতি সুনিশ্চিত করে, আশা কর্মী আহ্বায়ক হিসাবে বৈঠকের আয়োজন করবেন। এই বৈঠককে সাফল্যমন্ডিত করার জন্য অন্য সদস্যরাও পর্যাপ্ত প্রচার করবেন। **প্রতিটি গ্রাম সংসদে যাতে এই বৈঠক নিয়মিত অনুষ্ঠিত হয়, তা নজরদারী করা গ্রাম পঞ্চায়েতের প্রধান এবং শিক্ষা ও স্বাস্থ্য উপসমিতির সঞ্চালকের দায়িত্ব। প্রসঙ্গতঃ গ্রামীণ স্বাস্থ্য, স্বাস্থ্যবিধান এবং পুষ্টি কমিটির চেয়ারম্যান এবং সচিবের উপস্থিতির সাপেক্ষে, প্রতি মাসের একটি দিন বৈঠকের জন্য নির্দিষ্ট করে নিতে হবে। উক্ত বৈঠকের আলোচনা থেকে উদ্ভূত গুরুত্বপূর্ণ তথা আশুকরণীয় বিষয়গুলিকে কমিটির চেয়ারম্যান এবং সচিব, গ্রাম পঞ্চায়েতের "চতুর্থ শনিবারের বৈঠক" –এ আলোচনা করবেন।** গ্রামীণ স্বাস্থ্য, স্বাস্থ্যবিধান এবং পুষ্টি কমিটির বৈঠকের একটি আলোচ্যসূচীর খসড়া সংযুক্ত করা হল।

স্থানীয় ভাবে জনস্বাস্থ্যের সচেতনতা শিবির করা, পয়ঃপ্রণালীর সংস্কারের কাজ করা, দেওয়াল লিখনের মাধ্যমে জনস্বাস্থ্যের কাজের প্রচার করা, প্রয়োজনে নলকূপ/কুয়োর চাতাল মেরামত করা, সকল প্রকার সরকারী পরিষেবাগুলি সম্পর্কে সচেতন করা এবং বিভিন্ন সামাজিক সমস্যাগুলির সমাধানের চেষ্টা করা ইত্যাদি, হল এই কমিটির প্রধান কাজ। এই কমিটির সদস্যরা গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবস (VHND) আয়োজন করতে ANM, AWW এবং ASHA কে সম্পূর্ন সহযোগিতা করবেন। তাছাড়া বর্তমানে রাজ্যের গ্রামঞ্চলেও পতঙ্গবাহিত রোগের প্রকোপ লক্ষনীয়ভাবে বৃদ্ধি পেয়েছে। গ্রামীণ স্বাস্থ্য, স্বাস্থ্যবিধান এবং পুষ্টি কমিটির সদস্যরা সচেতনতা বৃদ্ধির কাজ করবেন এবং প্রয়োজনে সংসদ এলাকায় নিযুক্ত সমীক্ষা দল এবং নিয়ন্ত্রণ দলের সদস্য হিসাবেও কাজ করবেন।

**গ্রামীণ স্বাস্থ্য, স্বাস্থ্যবিধান এবং পুষ্টি কমিটির সদস্যরা গ্রাম সংসদ এলাকায় জনস্বাস্থ্যের কাজের নজরদারি ও মূল্যায়ন করবেন। সেই উদ্দেশ্যে মাসিক কার্য পরিকল্পনা তথা বার্ষিক স্বাস্থ্য পরিকল্পনা করা** (স্বাস্থ্য পরিকল্পনার একটি খসড়া ছক সংযুক্ত করা হল), এলাকার একটি ভিত্তিরেখা সমীক্ষা করে, বিভিন্ন স্বাস্থ্য সচেতনতা মূলক দেওয়াল লিখন করা, গর্ভবতী বা প্রসূতি মা ও শিশুদের সব ধরনের পরিষেবা সুনিশ্চিত করা, শৌচাগার ব্যবহার তথা নির্মল অবস্থান বজায় রাখার জন্য নজরদারি এবং বিভিন্ন সামাজিক বিষয়ে সচেতনতা বৃদ্ধি করার কাজগুলি করবেন।

**স্বাঃ/-**

(ডাঃ এম ভি রাও)
অতিরিক্ত মুখ্য সচিব,
পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ
এবং মুখ্য নির্বাহী আধিকারিক,
পশ্চিমবঙ্গ রাজ্য গ্রামোন্নয়ণ সংস্থা

পত্রাঙ্ক: ১৭ (২১)/১ (১৫৮) - এস. পি .এইচ. সি./১এস-২/১৪ তারিখ: ২৪/০১/২০১৯

১) মাননীয়া রাষ্ট্র মন্ত্রী, পশ্চিমবঙ্গ সরকার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ

২) মাননীয়া রাষ্ট্র মন্ত্রী (স্বাধীন দায়িত্ব প্রাপ্ত), পশ্চিমবঙ্গ সরকার, নারী ও শিশু উন্নয়ন এবং সমাজ কল্যাণ বিভাগ

৩) মাননীয় সভাধিপতি ........................................................................ জিলা / মহকুমা পরিষদ

৪) অতিরিক্ত মুখ্য সচিব, পশ্চিমবঙ্গ সরকার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ

৫) প্রধান সচিব, পশ্চিমবঙ্গ সরকার, জনস্বাস্থ্য ও কারিগরী বিভাগ

৬) মিশন অধিকর্তা, জাতীয় স্বাস্থ্য মিশন, পশ্চিমবঙ্গ সরকার

৭) সচিব, পশ্চিমবঙ্গ সরকার, নারী ও শিশু উন্নয়ণ এবং সমাজ কল্যাণ বিভাগ

৮) সচিব, পশ্চিমবঙ্গ সরকার, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ এবং মুখ্য নির্বাহী আধিকারিক, পশ্চিমবঙ্গ রাজ্য গ্রামীণ জীবিকা মিশন

৯) শ্রী দিব্যেন্দু সরকার, সচিব, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ

১০) শ্রীমতি নীলাঞ্জনা দাশগুপ্ত, বিশেষ সচিব, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ এবং অতিরিক্ত মুখ্য নির্বাহী আধিকারিক, পশ্চিমবঙ্গ রাজ্য গ্রামীণ জীবিকা মিশন

১১) শ্রী দিব্যেন্দু দাস, বিশেষ সচিব, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ

১২) অধিকর্তা, বি আর আম্বেদকর ইনস্টিটিউট অফ পঞ্চায়েত এন্ড রুরাল ডেভেলপমেন্ট, কল্যানী, নদীয়া

১৩) নির্বাহী আধিকারিক ........................................................................................ জিলা পরিষদ

১৪) মাননীয় কর্মাধ্যক্ষ, জনস্বাস্থ্য ও পরিবেশ স্থায়ী সমিতি, ...................................................... জিলা / মহকুমা পরিষদ

১৫) অতিরিক্ত নির্বাহী আধিকারিক ........................................................................ জিলা / মহকুমা পরিষদ

১৬) একান্ত সচিব, ভারপ্রাপ্ত মন্ত্রী, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ

১৭) ব্যক্তিগত সচিব, অতিরিক্ত মুখ্য সচিব, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ

১৮) সচিব ........................................................................................................ জিলা / মহকুমা পরিষদ

১৯) নোডাল মেডিক্যাল অফিসার ........................................................................ জিলা / মহকুমা পরিষদ

২০) জনস্বাস্থ্য কার্যক্রম সমন্বয়কারী ................................................................... জিলা / মহকুমা পরিষদ

(শুক্তিসিতা ভট্টাচার্য্য)
যুগ্ম সচিব,
পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ

## গ্রামীণ স্বাস্থ্য, স্বাস্থ্যবিধান এবং পুষ্টি কমিটি বা VHSNC -এর সদস্যদের জন্য প্রয়োজনীয় সংযোজনী -

### সংযোজনী - ১ (ক)

### গ্রামীণ স্বাস্থ্য, স্বাস্থ্যবিধান এবং পুষ্টি কমিটি বা VHSNC -এর সদস্যদের মাসিক বৈঠকে উপস্থিতির তথ্য -

গ্রাম সংসদের নাম -

গ্রাম পঞ্চায়েতের নাম -

পঞ্চায়েত সমিতির নাম -

বৈঠকের তারিখ -

বৈঠকের সময় -

বৈঠকের স্থান -

| ক্রমাঙ্ক | নাম | পদ | স্বাক্ষর |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

**সচিবের স্বাক্ষর**

**চেয়ারম্যানের স্বাক্ষর**

### সংযোজনী - ১ (খ)

### গ্রামীণ স্বাস্থ্য, স্বাস্থ্যবিধান এবং পুষ্টি কমিটি বা VHSNC -এর সদস্যদের মাসিক বৈঠকে আলোচ্য বিষয় এবং গৃহীত সিদ্ধান্তের কার্যবিবরণী -

| কার্যসূচী বা Agenda | মূল আলোচ্য (কার্যসূচীর স্বপক্ষে বা বিপক্ষে আলোচিত নির্দিষ্ট বিষয়বস্তু) | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত রূপায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির নাম | প্রয়োজনীয় অর্থের উৎস | অর্থের বন্টন (প্রয়োজনীয় বিবরণ সহ) |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

**সচিবের স্বাক্ষর**

**চেয়ারম্যানের স্বাক্ষর**

বিঃ দ্রঃ - গ্রামীণ স্বাস্থ্য, স্বাস্থ্যবিধান এবং পুষ্টি কমিটি বা VHSNC -এর সদস্যদের মাসিক বৈঠকে আলোচনার কার্যসূচী বা Agenda -এর কিছু উদাহরণ **সংযোজনী - ১ (গ)** এ সংযোজিত হল।

সংযোজনী - ১ (গ)

## গ্রামীণ স্বাস্থ্য, স্বাস্থ্যবিধান এবং পুষ্টি কমিটি বা VHSNC -এর সদস্যদের মাসিক বৈঠকে আলোচনার কার্যসূচী বা Agenda -এর কিছু উদাহরণ -

১. স্বাস্থ্য, জনস্বাস্থ্য ও স্বাস্থ্যবিধান সম্বন্ধে আমাদর গ্রাম সংসদ এলাকায় সকলের মধ্যে যথেষ্ট সচেতনতা আছে তো?

২. আমাদের গ্রাম সংসদ এলাকায়, বিশেষত মহিলাদের অপুষ্টি ও রক্তাল্পতা সম্বন্ধে সচেতন করার জন্য আমরা কী করতে পারি?

৩. আমাদের গ্রাম সংসদে, বর্তমানে সকল গর্ভবতী মহিলা সময় মতো স্বাস্থ্য কেন্দ্রে নাম লিখিয়েছেন তো? যদি না লিখিয়ে থাকেন তাহলে এই বিষয়ে আমাদের কী ভূমিকা হতে পারে ?

৪. গর্ভাবস্থার তিন মাস পরেই ভ্রূণের লিঙ্গ নির্ধারন করা সম্ভব হয়। যে সকল গর্ভবতী মা গর্ভাবস্থার তিন মাস পরে ANM -এর কাছে বা অঙ্গনওয়ারী কেন্দ্রে নাম নথিভুক্ত করতে আসবেন, তারা সাধারনভাবে ভ্রূণের লিঙ্গ নির্ধারন করিয়ে থাকতে পারেন। এই ধরনের বিষয়গুলি আমাদের নজরে রাখতে হবে এবং এর বিরুদ্ধে প্রচার করতে হবে ।

৫. আমাদের গ্রাম সংসদে, সকল গর্ভবতী মহিলা কী স্বাস্থ্য কেন্দ্রে, নিয়ম মাফিক স্বাস্থ্য পরীক্ষা করাচ্ছেন? তাদের সকলেই কি সব পরিষবা পাচ্ছেন?

৬. আমাদের গ্রাম সংসদে, নিম্নলিখিত বিষয়গুলি নিয়মিত আলোচনা করতে হবে -

- বিগত বছরগুলিতে ঐ এলাকায় পুরুষ এবং মহিলা শিশু জন্মের হার
- মহিলাদের তুলনায় পুরুষ সংখ্যা বেশী হওয়ার অপপ্রভাব
- গর্ভাবস্থায় ভ্রূণের লিঙ্গ নির্ধারন এবং কন্যা ভ্রূণহত্যা সম্পর্কিত আইন এবং বিষয়টি বেআইনি কেন
- মহিলা শিশুর সংখ্যা বৃদ্ধির জন্য এলাকার মানুষকে উৎসাহ দান

৭. আমাদের গ্রাম সংসদে, সকল গর্ভবতী মহিলার প্রসবের আগে তাঁর পরিবারের সদস্যরা কি হাসপাতালে নিয়ে যাওয়ার প্রস্তুতি নিয়েছেন ? এই বিষয়ে জননী সুরক্ষা যোজনা এবং জননী ও শিশু সুরক্ষা কার্যক্রমের দ্বারা যে সকল সুবিধাগুলি পাওয়া যায়, সেই সম্পর্কে তাদের জানানোর জন্য আমরা কি করতে পারি?

৮. আমাদের গ্রাম সংসদে, যতজন গর্ভবতী মহিলার জননী সুরক্ষা যোজনার সুবিধা পাওয়ার কথা, ততজন পেয়েছেন কি?

৯. আমাদের গ্রাম সংসদে, ৬ মাস বয়স পর্যন্ত সকল শিশু শুধুমাত্র মায়ের বুকের দুধই খায় তো ? এ বিষয়ে সচেতনতা বাড়ানোর জন্য আমরা কী করতে পারি?

১০. আমাদের গ্রাম সংসদে, সকল শিশু সার্বিক টিকাকরণের আওতায় এসেছে তো? সার্বিক টিকাকরণ সুনিশ্চিত করার জন্য আমরা কী করতে পারি?

১১. আমাদের গ্রাম সংসদে, সকল শিশুর নিয়মিত ওজন নেওয়া হয় কি?

১২. আমাদের গ্রাম সংসদে, গত এক বছরে কত জন কম 'জন্ম-ওজন'-এর শিশু জন্মেছে ? এই সব ক্ষেত্রে আমরা কীভাবে সহায়তা করতে পারি ?

১৩. আমাদের গ্রাম সংসদে, ০-৩ বছর বয়সের শিশুদের সংখ্যা কত? ০-৩ বছর বয়সের শিশুদের মধ্যে কতজন মাঝারি মানের এবং কতজন অতি অপুষ্ট ?

১৪. আমাদের গ্রাম সংসদে, বর্তমান মোট কত জন কম ওজনের শিশু রয়েছে ? তাদের পুষ্টির জন্য আমরা কীভাবে সহায়তা করতে পারি ?

১৫. আমাদের গ্রাম সংসদে, গত এক বছরে শিশু মৃত্যু হয়েছে কি ? হয়ে থাকলে কত জন আর তার কারণ কি ? শিশু মৃত্যু রোধ করার জন্য আমরা কীভাবে সহায়তা করতে পারি ?

১৬. আমাদের গ্রাম সংসদে, গত এক বছরে কোনো মাতৃ মৃত্যু হয়েছে কি ? হয়ে থাকলে কত জন এবং কারণ কি ? মাতৃ মৃত্যু রোধ করার জন্য আমরা কী করতে পারি ?

১৭. আমাদের গ্রাম সংসদ এলাকায় অথবা কাছাকাছি অঙ্গনওয়াড়ি কেন্দ্র আছে কি ? যদি থাকে, তাহলে সেখানে কি সব শিশু নিয়মিত যায় ? কত জন শিশু নিয়মিত অঙ্গনওয়াড়ি কেন্দ্রে যায় না ? এই ক্ষেত্রে আমরা কীভাবে সহায়তা করতে পারি ?

১৮. আমাদের গ্রাম সংসদে, গত এক বছরে কতজন মেয়ের ১৮ বছরের নীচে বিয়ে হয়েছে ? কতজন ছেলের ২১ বছরের নীচে বিয়ে হয়েছে ? কম বয়সে বিয়ে বন্ধ করার জন্য আমরা কী করতে পারি ?

১৯. আমাদের গ্রাম সংসদে, গত এক বছরে কোনো ছেলে বা মেয়ে স্কুল ছুট হয়েছে কি ? ৬-১৬ বছর বয়সসীমার অর্ন্তভুক্ত মেয়েদের কতজন স্কুলে যায় না ? এক্ষেত্রে আমাদের কি ভূমিকা হতে পারে ?

২০. আমাদের গ্রাম সংসদে, যোগ্য ছাত্রীরা কণ্যাশ্রী যোজনা -র অর্ন্তভুক্ত হয়েছে তো ?

২১. আমাদের গ্রাম সংসদে, বর্তমানে কত জন সক্ষম দম্পতি আছেন ? তাদের মধ্যে কত জন সক্ষম দম্পতি দুইটির বেশি সন্তানের বাবা-মা ? দুইটির বেশি সন্তান রয়েছে এমন সক্ষম দম্পতিকে স্থায়ী জন্মনিয়ন্ত্রণ ব্যবস্থার আওতায় আনার জন্য আমরা কী করতে পারি ?

২২. আমাদের গ্রাম সংসদ এলাকায় নিরাপদ পানীয় জলের কতগুলি উৎস আছে ? সেগুলি কোথায় এবং কী ধরনের ?

২৩. কতগুলি নলকূপ বা কুঁয়োর পাড় এখনো বাঁধানো নেই ? প্রতিটি নলকূপ বা কুঁয়োর পাড় বাঁধানোর জন্য আমরা কী করতে পারি ?

২৪. আমাদের গ্রাম সংসদে, এই মাসে কয়টি পানীয় জলের উৎসের নমূনা পরীক্ষা করা হয়েছে ? কোন কোন কুঁয়ো বা নলকূপের চাতাল নিয়মিত পরিষ্কার থাকে না ? পানীয় জলের উৎসকে নিরাপদ রাখার জন্য আমরা কী করতে পারি ?

২৫. আমাদের গ্রাম সংসদ এলাকায় সব কয়টি পরিবার নিরাপদ পানীয় জল ব্যবহার করে তো ? পানীয় জলকে নিরাপদ করার উপায় সকলে জানেন তো? এ বিষয়ে সকলকে সচেতন করার জন্য আমরা কী করতে পারি? পানীয় জলে আর্সেনিকের বিপদ সম্পর্কে সচেতন করার জন্য আমরা কি করতে পারি?

২৬. আমাদের গ্রাম সংসদ এলাকায় খাওয়ার আগে এবং জলশৌচের পর নিয়মিত সাবান দিয়ে হাত ধোওয়া সম্বন্ধে সকলের মধ্যে সচেতনতা আছে তো?

২৭. আমাদের গ্রাম সংসদে, সব পরিবারের স্বাস্থ্যসম্মত শৌচাগার আছে তো? যেসব পরিবারের শৌচাগার আছে, তারা নিয়মিত তা ব্যবহার করে তো ? প্রতিটি পরিবার যাতে স্বাস্থ্য সম্মত শৌচাগার তৈরি ও ব্যবহার করতে পারে তা সুনিশ্চিত করার জন্য আমরা কী করতে পারি ?

২৮. আমাদের গ্রাম সংসদ এলাকায় সাধারণত কোন সময় ডায়রিয়ার প্রকোপ বেশি দেখা যায় ? এলাকায় ডায়রিয়া রোধ করার জন্য আমরা কী করতে পারি ?

২৯. আমাদের গ্রাম সংসদ এলাকায় মশার উপদ্রব আছে কি? এলাকায় কীভাবে মশার উপদ্রব কমানো যায়? মশার জন্য যেসব রোগ হয়, তা জানানো এবং মশারি ব্যবহার সম্বন্ধে সকলকে সচেতন করার আমরা কি করতে পারি? গত একমাসে কতজনের জ্বর হয়েছে ? কতজনের রক্ত পরীক্ষা হয়েছে ? এলাকায় সমীক্ষা এবং নিয়ন্ত্রণ দল কাজ করছে তো? এলাকায় পরিবেশ পরিষ্কার করার কাজ চলছে কি ?

৩০. আমাদের গ্রাম সংসদ এলাকায় কুষ্ঠ রোগী আছে কি? তিনি নিয়মিত MDT নিচ্ছেন কিনা সেটা সুনিশ্চিত করতে হবে এবং তাঁর চিকিৎসার জন্য আমরা কিভাবে সাহায্য করতে পারি সেটা দেখতে হবে ।

৩১. আমাদের গ্রাম সংসদ এলাকায় টিবি বা যক্ষা রোগী আছে কি? তিনি নিয়মিত DOTS পরিষেবা নিচ্ছেন কিনা সেটা সুনিশ্চিত করতে হবে এবং তাঁর চিকিৎসার জন্য আমরা কিভাবে সাহায্য করতে পারি সেটা দেখতে হবে ।

৩২. আমাদের গ্রাম সংসদ এলাকায় থ্যালাসেমিয়া রোগী আছে কি? তার চিকিৎসার জন্য আমরা কীভাবে সহায়তা করতে পারি?

৩৩. গত এক বছরে আমাদের গ্রাম সংসদ এলাকায় সাপের কামড়ে কোনো মৃত্যু হয়েছে কি ? এলাকায় সাপের কামড়ে মৃত্যু প্রতিরোধ করার জন্য আমরা কী করতে পারি ?

৩৪. আমাদের গ্রাম সংসদ এলাকায় এমন কেউ আছেন কি - যাঁরা খুবই অসুস্থ কিন্তু টাকার অভাবে চিকিৎসা করাতে পারছেন না ? তাঁদের আমরা কীভাবে সহায়তা করতে পারি ?

৩৫. আমাদের গ্রাম সংসদ এলাকায় সঠিক সময়ে প্রতিটি জন্ম ও মৃত্যু নথিভুক্ত করা হয় তো? এ সম্বন্ধে সকলের সচেতনতা বাড়ানোর জন্য আমরা কী করতে পারি?

৩৬. মহিলাদের উপর হিংসা বা অবমাননাকর ঘটনা বন্ধ করার জন্য আমরা কি ভুমিকা নিতে পারি ?

৩৭. আমাদের গ্রাম সংসদ এলাকায় স্বাস্থ্য সম্বন্ধে কুসংস্কার ও কু-অভ্যাস দূর করার জন্য আমরা কী করতে পারি?

৩৮. আমাদের গ্রাম সংসদ এলাকায় কত জন স্বাস্থ্যকর্মী ও অঙ্গনওয়াড়ি কর্মী আছন? তাঁদের কাছ থেকে আমরা কীভাবে স্বাস্থ্য সংক্রান্ত বিভিন্ন পরিষেবা সম্বন্ধে জানতে পারি এবং তাঁদের কাজে আমরা কীভাবে সহায়তা করতে পারি?

৩৯. আমাদের গ্রাম সংসদ এলাকায় স্বাস্থ্য সংক্রান্ত বিভিন্ন পরিষেবা সম্বন্ধে সকলকে সচেতন করার জন্য আমরা কোথায় কোথায় দেওয়াল লিখন করতে পারি?

**ঐই বিষয়গুলি ছাড়াও স্থানীয় এলাকার গুরুত্বপূর্ণ বিষয়গুলি এই বৈঠকের কার্যসূচীতে স্থান পেতে পারে ।**

**<u>সংযোজনী - ২</u>**

- প্রতিটি গ্রামীণ স্বাস্থ্য, স্বাস্থ্যবিধান এবং পুষ্টি কমিটির (Village Health Sanitation and Nutrition Committee - VHSNC) তহবিলের জমা, খরচের হিসাব এবং তৎসহ কাজের রূপায়ণ সংক্রান্ত একটি হিসাব খাতা বা ক্যাশ বই করা বাধ্যতামূলক।
- উক্ত ক্যাশ বই -এর সঠিক রক্ষনাবেক্ষণ হবে আশা (ASHA) কর্মীর দায়িত্ব (আশা কর্মীর অবর্তমানে অঙ্গনওয়াড়ী কর্মী এই দায়িত্ব পালন করবেন)।
- গ্রামীণ স্বাস্থ্য, স্বাস্থ্যবিধান এবং পুষ্টি কমিটির চেয়ারম্যান এবং সচিবকে হিসাব খাতাটি সময়ে সময়ে পরীক্ষা করতে হয়।
- VHSNC -এর ক্যাশ বইটির দুটি ভাগ থাকবে - প্রথম ভাগ (বাম দিক) - যেখানে বিভিন্ন উৎস থেকে প্রাপ্ত অর্থের জমার হিসাব রাখতে হবে এবং দ্বিতীয় ভাগ (ডান দিক) - যেখানে বিভিন্ন খাতে খরচের হিসাব রাখতে হবে ।

**প্রথম ভাগ - জমা বা আয় -এর হিসাব (ক্যাশ বইটির বাম দিকে লিখতে হবে)**

| ক্রমাঙ্ক | প্রারম্ভিক জমারাশি | VHSNC -এর নিঃশর্ত তহবিল বা untied fund এবং অন্যান্য অনুদান থেকে প্রাপ্ত অর্থের পরিমান (টাকায়) | প্রাপ্ত অর্থের বিবরণ (চেক নং/ ড্রাফট নং/ নগদ) | প্রাপ্ত অর্থের তারিখ | প্রাপ্ত অর্থের উৎস | সচিব - এর স্বাক্ষর | চেয়ারম্যান -এর স্বাক্ষর |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |
| | | | | | | | |

**দ্বিতীয় ভাগ - খরচ বা ব্যয় -এর হিসাব (ক্যাশ বইটির ডান দিকে লিখতে হবে)**

| ক্রমাঙ্ক | VHSNC -এর দ্বারা খরচ করা অর্থের পরিমান (টাকায়) | খরচ করা অর্থের বিবরণ (ভাউচার নং, রসিদ নং প্রভৃতি) | খরচের তারিখ | যে কাজের জন্য খরচ হয়েছে তার বিবরণ | সচিব - এর স্বাক্ষর | চেয়ারম্যান - এর স্বাক্ষর |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| | | | | | | |

**সংযোজনী - ৩**

স্বাস্থ্যক্ষেত্রে সংসদ এলাকার উন্নয়নের উদ্দ্যেশ্যে VHSNC মোট যে পরিমান অর্থ খরচ বা সদ্ব্যবহার করবে, তার বিবরণী তৈরী করতে হবে এবং যা গ্রাম পঞ্চায়েত অনুমোদনের পর সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে পাঠানোর ব্যবস্থা করবে ।

**VHSNC -এর দ্বারা খরচ করা অর্থের বিবরণী**

| ক্রমাঙ্ক | কাজের সময়কাল (তারিখ/মাস) | কাজের নাম | কাজেটির উদ্দেশ্য (পরিষেবা প্রাপকের নাম, কাজের জায়গার নাম) | খরচের বিবরণ (কাজের জন্য প্রয়োজনীয় জিনিসের দাম, খরচের প্রতিটি অংশ) | কাজটির জন্য মোট খরচ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| সবগুলি কাজের জন্য মোট খরচ | | | | | |
| মোট প্রাপ্ত অর্থের পরিমান | | | | | |
| অব্যবহৃত অর্থের মোট পরিমান | | | | | |
| ক) যে পরিমান অব্যবহৃত অর্থ হাতে আছে | | | | | |
| খ) যে পরিমান অব্যবহৃত অর্থ ব্যাঙ্কে আছে | | | | | |

**সচিব -এর স্বাক্ষর** **চেয়ারম্যান -এর স্বাক্ষর**

সংযোজনী - ৪

প্রতিটি গ্রামীণ স্বাস্থ্য, স্বাস্থ্যবিধান এবং পুষ্টি কমিটি -কে (Village Health Sanitation and Nutrition Committee - VHSNC), আশুকরণীয় কাজের রূপায়ণ এবং প্রাপ্ত তহবিলের সদ্ব্যবহার -এর উদ্দেশ্যে, একটি পরিকল্পনা প্রস্তুত করতে হবে ।

## স্বাস্থ্য বিষয়ক পরিকল্পনা (অর্থবর্ষ ২০...... - ২০......)

সংসদের নাম/সংখ্যা - গ্রাম পঞ্চায়েত- পঞ্চায়েত সমিতি -

| ক্রমিক সংখ্যা | মাসিক বৈঠক তথা বিভিন্ন সূত্র থেকে চিহ্নিত সমস্যা | সমস্যার সমাধানে প্রয়োজনীয় পদক্ষেপ | কাজটির জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ দপ্তর | কাজটি সম্পূর্ন হতে সাম্ভাব্য সময় | প্রয়োজনীয় অর্থ | অর্থের উৎস | প্রত্যাশিত ফলাফল | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |

সচিব -এর স্বাক্ষর চেয়ারম্যান -এর স্বাক্ষর

সংযোজনী - ৫

স্বাস্থ্যক্ষেত্রে সংসদ এলাকার উন্নয়নের উদ্দ্যেশ্যে VHSNC মোট যে পরিমান অর্থ খরচ বা সদ্ব্যবহার করবে, তার সংশাপত্র তৈরী করে চেয়ারম্যান এবং সচিবের স্বাক্ষর এবং গ্রাম পঞ্চায়েতের অনুমোদনের পর, সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে পাঠানোর ব্যবস্থা করতে হবে ।

**VHSNC -এর প্রাপ্ত অর্থের সদ্ব্যবহারের সংশাপত্রের নমুনা:**

Ref. নং: তারিখ:

**VHSNC -এর প্রাপ্ত অর্থের সদ্ব্যবহারের সংশাপত্র**

সংসদের নাম/সংখ্যা -

গ্রাম পঞ্চায়েত- পঞ্চায়েত সমিতি -

| ক্রমাঙ্ক | প্রাপ্ত অর্থের আদেশনামার পত্রাঙ্ক এবং তারিখ | প্রাপ্ত অর্থের পরিমান (টাকা) | খরচের পরিমান (টাকা) | অব্যবহৃত অর্থের পরিমান | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| মোট খরচ | | | | | |

আমরা প্রত্যয়িত করছি যে, ............................ অর্থবর্ষে সংসদ এলাকার জনস্বাস্থ্যের মান উন্নয়নের উদ্দ্যেশ্যে, গ্রামীণ স্বাস্থ্য, স্বাস্থ্যবিধান এবং পুষ্টি কমিটি **(VHSNC)** -এর প্রাপ্ত নিঃশর্ত তহবিলের মোট ........................ টাকার মধ্যে .............................. টাকার সঠিক সদ্ব্যবহার করা হয়েছে এবং .................................. টাকা অব্যবহৃত আছে ।

সচিব -এর স্বাক্ষর চেয়ারম্যান -এর স্বাক্ষর

সংযোজনী - ৬

## "পাড়া নজরদারী কমিটি" হিসাবে VHSNC -এর সদস্যা/সদস্যগন স্বাস্থ্যবিধানের কর্মসুচির রূপায়ণ তথা স্থায়ী করনের লক্ষ্যে নিম্নলিখিত কাজগুলি করতে পারেন

- প্রয়োজনে শৌচাগারের ব্যবহার ও প্রয়োজনীয় রক্ষনাবেক্ষণ করতে মানুষকে উদ্বুদ্ধ করা।
- কেউ যাতে কোন অবস্থাতেই প্রকাশ্যস্থানে মলত্যাগ না করেন, সেই বিষয়ে সম্ভাব্য স্থানগুলিতে সকাল সন্ধ্যে নিয়মিত নজরদারি চালান।
- শৌচাগার ব্যবহারের পর ও খাবার গ্রহন ও পরিবেশনের আগে সাবান দিয়ে হাত ধোওয়ার অভ্যাস গড়ে তুলতে মানুষকে উদ্বুদ্ধ করা
- শিশুর মল যাতে শুধু শৌচাগারেই ফেলা হয়, সে ব্যাপারে মানুষকে সচেতন করা
- শিক্ষা প্রতিষ্ঠানের শৌচাগারগুলি যাতে ছাত্র/ ছাত্রীদের দ্বারা নিয়মিত ব্যবহৃত হয় ও তাদের নিয়মিত রক্ষনাবেক্ষণ করা হয় সেই ব্যাপারে নজর রাখা
- জনসাধারনের দ্বারা ব্যবহৃত শৌচাগার (community sanitary complex) গুলি যাতে নিয়মিতরূপে রক্ষনাবেক্ষণ করা হয় সেই বিষয়ে নজর রাখা। কোথাও কোন ত্রুটি দেখলে তা কর্তৃপক্ষকে জানানো
- এলাকায় অবস্থিত সমস্ত জলের উৎসের চাতাল বাঁধানো আছে কিনা তা দেখা, ত্রুটি দেখলে তা কর্তৃপক্ষকে অবগত করা
- এলাকায় অবস্থিত সমস্ত সরকারী পানীয় জলের উৎসের নিয়মিত পরীক্ষা হয় কিনা তা দেখা, অন্যথা হলে তা কর্তৃপক্ষকে অবগত করা
- বাড়ীর চারপাশে ও পরিবেশে যত্রতত্র নোংরা কঠিন বা তরল আবর্জনা জমা আছে কিনা তা দেখা। জমা আবর্জনার ক্ষতিকর দিকগুলি সম্পর্কে মানুষকে সচেতন করা।
- যে সমস্ত এলাকায় ইতিমধ্যে কঠিন আবর্জনার নিরাপদ নিষ্কাশন ব্যবস্থাপনার উদ্যোগ গড়ে উঠেছে সেখানে মানুষ যাতে পূর্ণরূপে তার সুবিধা নিতে পারে সেই বিষয়ে মানুষকে সচেতন করা।
- পারিবারিক স্তরে কঠিন আবর্জনার পৃথকীকরণের কাজ যাতে ঠিকভাবে হয় সেই ব্যাপারে মানুষকে সচেতন করা।
- যে সব এলাকাতে এই ব্যবস্থাপনা এখনও গড়ে ওঠেনি সেখানে মানুষকে যত্রতত্র আবর্জনা ফেলার বিপদগুলি সম্পর্কে মানুষকে বোঝানো। বাড়িতে সার গাদা তৈরি বা জল শোষক গর্ত তৈরি করে কঠিন ও তরল আবর্জনার যেখানে সেখানে ফেলাকে অনেকখানি রোধ করা যেতে পারে। এই ব্যাপারে ও মানুষকে সজাগ করা।
- প্লাস্টিক ব্যবহারের বিপদগুলি সম্পর্কে মানুষকে সজাগ করা। প্রয়োজনে এবং যেখানেই সম্ভব বিকল্প কিছু ব্যবহার করার পরামর্শ দেওয়া।

- মেয়েদের ঋতুকালীন স্বাস্থ্যবিধি সম্পর্কে সঠিক তথ্য পরিবেশন করা ও সেগুলি মেনে চলতে উদ্বুদ্ধ করা।
- ঋতুকালে ব্যবহৃত সামগ্রীগুলির (স্যানিটারি প্যাড, কাপড় ইত্যাদি) নিরাপদ নিষ্কাশন সম্পর্কে মানুষকে সচেতন করা।
- ত্রুটিপুর্ণ শৌচাগারগুলি নিজ উদ্যোগে মেরামত করতে মানুষকে উদ্বুদ্ধ করা ও প্রয়োজনীয় সাহায্যপ্রদান
- এক কূপযুক্ত শৌচাগারগুলিকে দুই কূপ বিশিষ্ট শৌচাগারে রূপান্তর করতে মানুষকে উদ্বুদ্ধ করা ও প্রয়োজনীয় সাহায্যপ্রদান
- দুই কূপযুক্ত শৌচাগারের একটি কূপ ভর্তি হয়ে গেলে অন্য কূপটিকে সচল করতে প্রয়োজনীয় সাহায্যপ্রদান। দুই কূপ বিশিষ্ট শৌচাগারের একটি কূপ ভর্তি হয়ে গেলে ভর্তি কূপকে কি ভাবে পরিষ্কার করতে হবে সেই বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ দান
- এলাকায় সেপটিক ট্যাঙ্ক শৌচাগারগুলির ট্যাঙ্ক ভর্তি হয়ে গেলে তাকে খালি করার ক্ষেত্রে কি কি করনীয়, কোথায় যোগাযোগ করতে হবে সেই ব্যাপারে মানুষকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান। ট্যাঙ্ক থেকে নির্গত মল প্রকাশ্য স্থানে ফেলার বিপদ সম্পর্কে মানুষকে সচেতন করা।
- এলাকায় অনুষ্ঠিত স্বাস্থ্যবিধান সংক্রান্ত  প্রচারাভিযানে বা দক্ষতাবৃদ্ধির কার্যক্রমে প্রয়োজনীয় সহায়তা প্রদান।